মুখোমুখি মিথন্ড্রিয়া (Interaction) হয়। সমাজ গবেষক সুস্পষ্টভাবে তাঁর উত্তরদাতাদের কাছে গবেষণার উদ্দেশ্য, উত্তরদাতাদের উত্তর দানের প্রয়োজনীয়তাকে তুলে ধরতে পারেন।

মুখোমুখি সাক্ষাৎকারের মাধ্যমে সমাজ গবেষকের মূল লক্ষ্য থাকে উত্তরদাতাদের কাছ থেকে নির্ভুল এবং যথার্থ তথ্য সংগ্রহ করা। এর জন্য প্রথম হল উত্তরদাতার সাথে গবেষকের পরিচিতির মাধ্যমে সখ্যস্থাপন করা (Introduction and Rapport Establishing)। গবেষক নিজ গবেষণার উদ্দেশ্য, তিনি কোনো সংস্থা অথবা প্রতিষ্ঠানের পৃষ্ঠপোষকতায় গবেষণা করছেন কিনা, গবেষণা প্রতিবেদনের কার্যকারিতা ইত্যাদি সম্পর্কে উত্তরদাতাদের জানিয়ে তাদের সাথে নিজের পরিচিতি ঘটাতে পারেন। গবেষকের নিজস্ব পরিচয়পত্র (Identity Card) অনেক সময় পরিচিতি সম্পাদনের কাজটিকে সহজ করে দিতে পারে। তাছাড়া কোনো তৃতীয় ব্যক্তি— সে গবেষক এবং উত্তরদাতা— উত্তয়েরই পরিচিত হলে তার মাধ্যমে সাক্ষাৎকার গ্রহণকারী এবং প্রদানকারীর পরিচয় অনেক সহজেই হয়ে যায়। এইভাবে পরিচিতির মধ্যে দিয়ে গবেষক উত্তরদাতার সাথে সখ্য স্থাপন করেন। গবেষক উত্তরদাতাকে স্বাধীন এবং স্বচ্ছন্দভাবে উত্তর দেওয়ার সুযোগ করে দেবেন। নিজে কখনই তাঁর মতামত কোনো ক্ষেত্রেই দেবেন না। লক্ষ রাখবেন যে যথাসম্ভব নিরপেক্ষতা বজায় রেখে উত্তরদাতার দ্বিধা-সংশয় দূর করে এমন এক পরিবেশ তৈরী করার, যেখানে উত্তরদাতা সাবলীলভাবে উত্তর দিতে পারে।

মুখোমুখি সাক্ষাৎকার প্রক্রিয়ায় সমাজ গবেষক এক আদর্শায়িত (standardized) সাক্ষাৎকার প্রশ্নতালিকা থেকে প্রশ্ন জিজ্ঞাসা করেন উত্তরদাতাকে। সাক্ষাৎকার নেওয়ার সময় গবেষক প্রশ্নতালিকায় যে যে প্রশ্নগুলি যে যে শব্দ ব্যবহারে যে যে ক্রমে দেওয়া আছে, সেই অনুসারে উত্তরদাতাকে জিজ্ঞাসা করবেন। সমস্ত প্রশ্নগুলি সম্পর্কে গবেষকের অনুধাবন থাকা দরকার। সঠিকভাবে সাক্ষাৎকার যাতে গ্রহণ করা যায় তার জন্য অনেক সময় প্রশ্নকর্তাকে প্রশিক্ষণ দেওয়া হয়। কোন প্রশ্ন যদি উত্তরদাতা বুঝতে না পারে, সেক্ষেত্রে গবেষক আবার সেই প্রশ্নটি জিজ্ঞাসা করতে পারেন, কিন্তু কোনো প্রশ্নের ব্যাখ্যা দেবেন না। এমন কোনো ইঙ্গিতপূর্ণ প্রশ্ন (leading question) করবেন না, যার থেকে উত্তরদাতা প্রশ্নের উত্তরের ধাঁচ অনুধাবন করতে পারে। এক্ষেত্রে সমাজ গবেষককে সম্পূর্ণরূপে নিরপেক্ষতা বজায় রাখতে হবে। কিন্তু তিনি যদি কোনো প্রশ্নের উন্তর সম্পর্কে অনিশ্চিত হন, তখন তিনি অনুসন্ধানমূলক প্রশ্ন (probe question) উত্থাপন করে উত্তর সম্পর্কে নিশ্চিত হতে পারেন। তবে এই প্রশ্ন যখন করা হবে তখন লক্ষ রাখা প্রয়োজন যেন সব ক্ষেত্রে একই শব্দে একই রকম ক্রম অনুসরণ করা হয়। অনেক ক্ষেত্রে বলা হয় যে, এই ধরণের প্রশ্ন করার প্রয়োজন আর্ছে

Page No. 3